

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর

বাণিজ্য মন্ত্রণালয়

ঢাকা।



শোক বার্তা

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের অবসরপ্রাপ্ত ডেপুটি রেজিস্ট্রার জনাব আবু ইসা মোহাঃ মোস্তফা ভূঁইয়া পিএএ গত ২৯শে এপ্রিল ২০২৬ ভারতের চেন্নাইয়ের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

জনাব আবু ইসা মোহাঃ মোস্তফা ভূঁইয়া পিএএ ছিলেন একজন দক্ষ, সৎ ও নিষ্ঠাবান কর্মকর্তা। তাঁর পেশাদারিত্ব, দায়িত্ববোধ ও সততা যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের কার্যক্রমে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। এ পরিদপ্তরের রেজিস্ট্রার (অতিরিক্ত সচিব) জনাব এ. কে. এম নূরুননী কবির, মরহমের মৃত্যুতে শোক জানিয়েছেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের সকলস্তরের কর্মকর্তা ও কর্মচারীর পক্ষ হতে মরহমের রূহের মাগফিরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হচ্ছে।

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।